





ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)

ঠাকুরগাঁও অফিস
ইএসডিও প্রধান কার্যালয়
কলেজপাড়া, (গোবিন্দনগর) ঠাকুরগাঁও-৫১০০
ফোনঃ ০৫৬১-৫২১৪৯
মোবাইলঃ ০১৭১৪০৬৩৩৬০
ইমেইলঃ esdobangladesh@hotmail.com

ঢাকা অফিস
ইএসডিও হাউজ, প্লট নং ৭৪৮, রোড নং-০৮
বায়তুল আমান হাউজিং সোসাইটি
আদাবর, ঢাকা-১২০৭
ফোনঃ ০২-৮১৫৪৮৫৭, মোবাইলঃ ০১৭১৩১৪৯২৫৯
ইমেইলঃ esdobangladesh@hotmail.com

www.esdo.net.bd



# সার ব্যবস্থাপনা




ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)

# সার ব্যবস্থাপনা

## বিভিন্ন পুষ্টি উপাদানের ঘাটতির লক্ষণ এবং তাদের কাজঃ

| পুষ্টি উপাদান | ঘাটতি জনিত লক্ষণ | পুষ্টি উপাদানের কাজ |
|---|---|---|
| নাইট্রোজেন | • নতুন পাতা এবং কুড়ি হলদে রং ধারণ করে।<br>• পাতার আকৃতি ছোট এবং বিশলয়ের (শুট) আকৃতি ছোট হয়।<br>• পাতা ও (শুট) কিশলয়ের বৃদ্ধি ধীরে হয় ব্যহত হয়। ফলে উৎপাদন কমে যায়। | • উদ্ভিদের অঙ্গজ বৃদ্ধিতে সহায়তা করে, জীবিত কোষের অন্যতম প্রধান অংশ।<br>• প্রোট্রিন, ক্লোরেফিল, হরমোন, ভিটামিন তৈরিতে অংশগ্রহণ করে।<br>• ফসফরাস ও পটাসিয়াম গ্রহণের সহায়তা করে। |
| ফসফরাস | • বয়স্ক পাতার রং সাধারণ সবুজের চেয়ে অতিরিক্ত গাঢ় সবুজ বর্ণ ধারণ করে এবং পাতার উজ্জ্বলতা নষ্ট হয়।<br>• পাতার আকৃতি ছোট এবং শুট/কিশলয় সরু হয়।<br>• গাছের শেকড়ের সংখ্যা ও বৃদ্ধি স্বাভাবিকের চেয়ে কমে যায়। | • শিকড়ের বৃদ্ধি ও কোষ বিভাজনে সহায়তা করে।<br>• এনজাইমের কার্যকারিতা বৃদ্ধি করে।<br>• প্রস্বেদন প্রক্রিয়ায় বাঁধা দেয়। |
| পটাসিয়াম | • শুটের (কিশলয়ের) অগ্রভাগ জ্বলে/ পুড়ে যা।<br>• পাতা ঝরে যায়।<br>• পাতা ও কিশলয়ের নিচের দিকে হেলে যায়।<br>• কিশলয় সরু ও শক্ত হয়ে যায়।<br>• গাছের কার্বোহাইড্রেট তৈরির পরিমাণ কমে যায়। | • অন্যান্য উপাদান সংগ্রহে সহায়তা করে।<br>• শ্বসন কাজে সহায়তা করে।<br>• অতিরিক্ত প্রস্বেদনে বাঁধা দেয়।<br>• এনজাইমের কাজকে প্রভাবিত করে।<br>• কার্বোহাইড্রেট তৈরি ও স্থানান্তরে সহায়তা করে। |
| ক্যালসিয়াম | • পাতা নৌকাকৃতি হয়ে যায়।<br>• (শুট) কিশলয়ের অগ্রভাগ বাঁকা হয়ে যায়/ভেঙ্গে যায়। দুটি পত্রকক্ষের দূরত্ব (গিঁটের দূরত্ব) কমে যায়। | • শুটের শীর্ষ বৃদ্ধিতে সহায়তা করে।<br>• কোষ প্রাচীরের অংশ।<br>• বিষাক্ততা কমিয়ে দেয়। |



| পুষ্টি উপাদান | ঘাটতি জনিত লক্ষণ | পুষ্টি উপাদানের কাজ |
|---|---|---|
| ম্যাগনেসিয়াম | • প্রাপ্তবয়স্ক ও নিচের পাতার মাঝামাঝি শিরার দিকে ক্লোরোসিস দেখা যায়। | • ক্লোরোফিল তৈরিতে অংশগ্রহণ করে।<br>• এনজাইমের কাজ নিয়ন্ত্রণ করে।<br>• ফসফরাস স্থানান্তরে সহায়তা করে। |
| সালফার | • **নতুন পাতার রং হলুদ হয়ে যায়।**<br>• **নতুন পাতায় ক্লোরোসিস দেখা দেয়।**<br>• **পাতার পার্শ বৃদ্ধি ব্যহত হয়, ফলে পাতা সরু হয়ে যায়।** | • **প্রোটিন তৈরিতে সাহায্য করে।**<br>• **ক্লোরোফিল তৈরিতে অংশগ্রহণ করে।** |
| জিংক | • পাতার বৃদ্ধি হ্রাস পায়।<br>• কিশলয়ের অগ্রভাগ 'রোসেটিং' গঠিত হয়।<br>• পাতা কান্ডের মতো লম্ব ও সরু হয়।<br>• পাতার আকৃতি অসম হয়।<br>• কিশলয় বাঞ্জিতে পরিনত হয়।<br>• পাতার কিনারা ডেউ খেলানো হয়ে যায়। | • হরমোন তৈরিতে সাহায্য করে।<br>• প্রোটিন তৈরিতে সাহায্য করে। |
| ম্যাঙ্গানিজ | • পাতার শিরার অন্তববর্তী পত্রকলার রং হালকা সবুজ হয়ে যায় এবং পরে হলুদ রং ধারণ করে (ক্লোরোসিস)।<br>• সবুজ শিরার সংখ্যা কমে যায়।<br>• পাতায় লাল বাদামি রংয়ের স্পট পড়ে। | • আয়রনের সংযোগ ক্লোরোফিল গঠনে সহায়তা করে।<br>• এনজাইমের জৈবিক কাজে সহায়তা করে।<br>• ক্লোরোফিল গঠনে প্রভাবক হিসেবে কাজ করে। |
| লৌহ | • নতুন পাতায় ক্লোরোসিস দেখা যায়, হলদে হতে শুরু করে।<br>• গাছের বলিষ্ঠছ ও সুঠাম গঠন বদ্ধ হয়ে যায়।<br>• পাতার রং হালকা সবুজ হয়ে যায়। | • ক্লোরোফিল গঠনে প্রভাবক হিসেবে কাজ করে।<br>• গাছের প্রোট্রিন সংশ্লেষণ এবং অনেক বিপাক ক্রিয়ার জন্য প্রয়োজন। |



| পুষ্টি উপাদান | ঘাটতি জনিত লক্ষণ | পুষ্টি উপাদানের কাজ |
|---|---|---|
| বোরন | • কিশলয়ের অগ্রভাগ পুড়ে যায় বা অগ্রভাগ হতে নিচের দিকে মরা শুরু হয়।<br>• পাতা মোড়ানো, সরু এবং চামড়ার মতো শক্ত হয়ে যায়।<br>• পাতা গাঢ় সবুজ বর্ণ ধারণ করে।<br>• শীর্ষ মুকুলের বৃদ্ধি ভালো হয় না। | • প্রোটিন তৈরিতে সাহায্য করে।<br>• শিকড় বৃদ্ধিতে সহায়তা করে। |
| কপার | • পাতা কালচে বর্ণ ধারণ করে।<br>• ফার্মেন্টশন হতে সময় বেশি নেয়।<br>• ফার্মেন্টশনের পর পাতার রং উজ্জ্বল বাদামি না হয়ে ধূসর বাদামি হয়। | • উদ্ভিদের নাইট্রোজেন গ্রহণের সাথে সংশ্লিষ্ট।<br>• সালোফসংশ্লেষণ প্রক্রিয়ায় একান্ত প্রয়োজন।<br>• এনজাইমের অতি প্রয়োজনীয় অংশ।<br>• ক্লোরোফিল ও ভিটামিন তৈরিতে সাহায্য করে। |
| ক্লোরিন | • পাতা তামাটে রং ধারণ করে।<br>• পাতায় উইল্ট (wilt) ক্লোরোসিস (chlorosis) নেক্রসিস (necrosis) দেখা দেয়।<br>• কচি পাতার দুই শিরার মধ্যস্থলে ম্যাগনেসিয়াম ঘাটতির মত বিবর্ণ হয়। | • উদ্ভিদ কোষের শর্করা তৈরি ও পানি ধারণ ক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করে। |
| মলিবডেনাম | • উদ্ভিদের বৃদ্ধি হ্রাস পায়।<br>• পাতায় পচন দেখা দেয়।<br>• পাতার আকার ছোট হয়ে যায়। | • কয়েকটি এনজাইমের উপাদান।<br>• অনুজীবের ক্রিয়া বৃদ্ধি করে। |
| অ্যালুমিনিয়াম | • চা গাছের বৃদ্ধি হয় না। | • ফসফরাস, পটাশিয়াম ও নাইট্রোজেন গ্রহণে সহায়তা করে।<br>• অতিরিক্ত ম্যাগনেসিয়াম জনিত কারণে উদ্ভিত বিষাক্ততা প্রশমিত করে। |

**মোঃ মাহামুদুল আলম (মাহামুদ)**
লিয়াজোঁ অফিসার
সলিডারিডাড নেটওয়ার্ক এশিয়া, বাংলাদেশ।